

বুদ্ধিমতী মাশা

কথা: ন গের্নেৎ
আঁকিয়ে: ব মালাখভ্‌স্কি
অনুবাদ: ননী ভৌমিক



প্র কা শ ন



বুদ্ধিমতী মাশা Buddhimoti Masha

কথা: ন গের্নেৎ Story: N Gernet

অনুবাদ: ননী ভৌমিক Translation: Noni Bhowmik

আঁকিয়ে: ব মালাখভ্‌স্কি Illustration: B Malakhovsky

প্রকাশক: দ্যু প্রকাশন Publisher: Dyu Publication

৪র্থ মুদ্রণ: ফাল্গুন ১৪৩০, ফেব্রুয়ারি ২০২৪ 4th Print: February 2024

৩য় মুদ্রণ: পৌষ ১৪২৮, জানুয়ারি ২০২২ 3rd Print: January 2022

২য় মুদ্রণ: পৌষ ১৪২৫, জানুয়ারি ২০১৯ 2nd Print: January 2019

প্রথম দ্যু প্রকাশ: ভাদ্র ১৪২৩, আগস্ট ২০১৬ First Dyu Published: August 2016

প্রথম প্রকাশ: প্রগতি প্রকাশন, সোভিয়েত ইউনিয়ন First Published: Progress Publishers, USSR

www.dyu.com.bd

ISBN: 978-984-96235-2-6

Printed & Bound in Bangladesh

Acknowledgment: sovietbooksinbengali.blogspot.com



বইটি পড়লেই বুঝবে মাশা কেমন বুদ্ধিমতী। তবে সে তো এমনিই বোঝা যায়। বুদ্ধিমতী না হলে কী আর তাকে নিয়ে কেউ বই লেখে? ছবি আঁকে?

এমনকি একেবারে ছোটতেই, মাশা যখন দোলনায়, তখনই সে এক হাতে বুমবুমি বাজাত, আর এক হাতে মশা তাড়াত। তাই না দেখে মাশার বাবা-মা, দিদিমা, তাদের আত্মীয়স্বজন, চেনা পরিচিত, পরিচিতদের আত্মীয়, আত্মীয়দের পরিচিত, সবাই একবাক্যে বলেছিল, 'সত্যি, খুবই, খুবই বুদ্ধিমতী মাশা।'

দুঃখের কথা মাশার ছোটো ভাই ভিতিয়া সম্পর্কে কিন্তু বলা যায় না যে সে বুদ্ধিমান। তবে তাতে যায় আসে না। বইটা পড়লেই তোমরা দেখবে একা মাশার বুদ্ধিতেই দুজনার কুলিয়ে যাবে।

আর ববিক, রবিক, লবিক, জুবিক সম্পর্কে কী করা যায়? কেবল প্রশংসা। এরা হলো দুনিয়ার সবচেয়ে চালাক, সবচেয়ে দৌড়বাজ, সবচেয়ে বাধ্য কুকুর। বিশ্বাস না হয় পড়ে দেখো।

আর একটা কথা—গল্পগুলোর কিছুটা বলব আমরা, কিছুটা তোমরা; ভাবনা নেই, ছবিগুলোর দিকে ভালো করে তাকালেই কিছুই আর বুঝতে বাকি থাকবে না।



মাশা আর তিনসেরী হাঁস

প্রকাণ্ড ওই হাঁসটাকে দিদিমা উপহার পাঠালেন মাশার মায়ের কাছে। অথচ ভেবে দ্যাখো, ওটা বুড়ি করে বইতে মাশার কী হয়রানি যাবে তা নিয়ে কিন্তু একটুও তাঁর ভাবনা হলো না। জানতেন, বইতে কষ্ট হলে মাশা নিশ্চয় কিছু উপায় বার করবে।

আর দেখতেই পাচ্ছে, দিদিমার ভুল হয়নি।

মাশা আর চুম্বক



১) যাঃ বললেন দিদিমা, 'রিপু, করার সুইটা যে কোথায় পড়ল বালিতে।'

২) 'ও দিদিমা,' চেষ্টা করে বলল মাশা, 'যেখানে হারিয়েছে সেখান থেকে নড়ো না। এম্মুগি খুঁজে দেবো!'




৩) 'কী যে বলিস!' বললেন দিদিমা, 'বালির মধ্যে থেকে বার করবি কী করে?'



৪) 'এই নাও তোমার সুঁই, দিদিমা!'

মাশার কাপড় কাচা



১) কাছেই নদী, ঝরঝরে দিন,
ফুর্তিতেই কাপড় কাচা যাবে।



২) হঠাৎ এলো বৃষ্টি। 'ভিজে যাব
সেটি হচ্ছে না,' বলল মাশা।



৩) ফের রোদ্দুর,
ফুর্তিতে কাপড় কাচা গেলো।



৪) ওদিকে বৃষ্টির পরে জল জমে গেছে রাস্তায়।
'হেঁটে না গিয়ে ভেসে যাবো,' বলল মাশা।